গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

নম্বর ১৮.০০.০০০০.০২১.২২.০১২.২৫-২৭০

তারিখ: ০২ আশ্বিন ১৪৩২
১৭ সেপ্টেম্বর ২০২৫

পরিপত্র

বিষয়: শিপ হ্যান্ডলিং অপারেটর ও বার্থ অপারেটর লাইসেন্সিং নীতিমালা, ২০২৫

যেহেতু, চট্টগ্রাম বন্দরের নিজস্ব জেটি, বিশেষায়িত জেটি ছাড়াও বহিঃনোঙ্গারে উল্লেখযোগ্য পরিমাণ কার্গো ও জাহাজ হ্যান্ডলিংসহ অপরাপর বর্ধিত কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনের স্বার্থে বার্থ অপারেটর ও শীপ হ্যান্ডলিং অপারেটরের সংখ্যা যৌক্তিক হারে বৃদ্ধি করা সমীচীন; এবং

যেহেতু, বার্থ অপারেটর ও শীপ হ্যান্ডলিং অপারেটরগণকে একটি সুনির্দিষ্ট নীতিমালার অধীনে লাইসেন্স প্রদান ও তাহাদের কার্যক্রম তত্ত্বাবধান করা অত্যাবশ্যক;

সেহেতু চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ আইন, ২০২২ এর উদ্দেশ্যপূরণকল্পে সরকার নিম্নরূপ "শিপ হ্যান্ডলিং অপারেটর ও বার্থ অপারেটর নীতিমালা, ২০২৫" প্রণয়ন করিল:

১। **সংক্ষিপ্ত শিরোনাম, অধিক্ষেত্র ও কার্যকারিতা।**- (১) এই নীতিমালা "শিপ হ্যান্ডলিং অপারেটর ও বার্থ অপারেটর লাইসেন্সিং নীতিমালা, ২০২৫" নামে অভিহিত হইবে।

(২) ইহা চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের আওতাধীন সকল টার্মিনালের জন্য প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**-বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই নীতিমালায়-

(১) **"লাইসেন্স"** অর্থ চট্টগ্রাম বন্দরের Regulations for Working of Chittagong Port (Cargo and Container), 2001 এর Regulation 2 (54) অনুযায়ী প্রাপ্ত লাইসেন্স;

(২) **"শিপ হ্যান্ডলিং অপারেটর"** অর্থ চট্টগ্রাম বন্দরের Regulations for Working of Chittagong Port (Cargo and Container), 2001 এর Rule 2 (78a) অনুযায়ী লাইসেন্সপ্রাপ্ত শিপ হ্যান্ডলিং অপারেটর;

(৩) **"বার্থ অপারেটর"** অর্থ চট্টগ্রাম বন্দরের Regulations for Working of Chittagong Port (Cargo and Container), 2001এর Regulation 2 (4a) অনুযায়ী লাইসেন্সপ্রাপ্ত বার্থ অপারেটর।

৩। **শিপ হ্যান্ডলিং অপারেটর ও বার্থ অপারেটর নিয়োগ প্রক্রিয়া।**— (১) চট্টগ্রাম বন্দরে শিপ হ্যান্ডলিং অপারেটর ও বার্থ অপারেটর হিসেবে নিয়োগ লাভের ক্ষেত্রে যে-কোন প্রতিষ্ঠানকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ হইতে শিপ হ্যান্ডলিং অপারেটর ও বার্থ অপারেটর লাইসেন্সপ্রাপ্ত হইতে হইবে।

(২) চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের Regulations for Working of Chittagong Port (Cargo and Container), 2001 (৬ মে ২০১৮ তারিখ পর্যন্ত সংশোধিত ও বাংলাদেশ গেজেটে প্রকাশিত) এর regulation 74 এর দফা (1), (2) ও (2A) অনুযায়ী সরকারি ক্রয় আইন, ২০০৬ ও সরকারি ক্রয় বিধিমালা, ২০০৮ এর বিধানসমূহ পুঙ্খানুপুঙ্খ অনুসরণপূর্বক দরপত্রের মাধ্যমে শিপ হ্যান্ডলিং অপারেটর ও বার্থ অপারেটর নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে।

(৩) চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এক্ষেত্রে সুষ্ঠু প্রতিযোগিতার সৃষ্টি ও উপযুক্ত নিয়োগ নিশ্চিতকরণের বিষয়টি বিবেচনাপূর্বক চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের Regulations for Working of Chittagong Port (Cargo and Container), 2001 এর Regulation 68 এর দফা (1) এর আলোকে শিপ হ্যান্ডলিং অপারেটর এবং বার্থ অপারেটরের যোগ্যতা নির্ধারণ করিতে হইবে।

(৪) সফল দরদাতাগণ Regulations for Working of Chittagong Port (Cargo and Container), 2001 এর regulation 74 এর দফা (2) অনুযায়ী কর্তৃপক্ষের নির্ধারিত কাজ করিবার লক্ষ্যে ও দরপত্রে উল্লিখিত নির্দিষ্ট সময় পর্যন্ত নিয়োজিত থাকিবার জন্য চুক্তিবদ্ধ হইবে।

৪। **শিপ হ্যান্ডলিং অপারেটর ও বার্থ অপারেটর লাইসেন্স প্রদান।-** (১) চট্টগ্রাম বন্দর আইন-২০২২ এবং Regulations for Working of Chittagong Port (Cargo and Container), 2001 (৬ মে ২০১৮ তারিখ পর্যন্ত সংশোধিত ও বাংলাদেশ গেজেটে প্রকাশিত) এর Regulation 68 অনুযায়ী নিম্নবর্ণিত কাগজপত্রাদি ও প্রয়োজনীয় অন্যান্য দলিল সংযুক্ত করিয়া সুনির্দিষ্ট ফরমে চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বরাবরে আবেদন করিতে হইবে:

(ক) আবেদনকারী কর্তৃক বাংলাদেশের যে কোনো বন্দরে জাহাজ হইতে পণ্য বা কন্টেইনার লোড ও আনলোড করিবার প্রয়োজনীয় প্রশিক্ষণ ও অভিজ্ঞতা (দরপত্র দলিল অনুযায়ী) সম্পন্ন কর্মচারী নিয়োগ করিতে হইবে এবং উক্ত সমর্থনে প্রমাণক দাখিল করিতে হইবে;

(খ) আবেদনকারী সক্ষমতার প্রমাণক হিসেবে উপযুক্ত যন্ত্রপাতি ও উপকরণ থাকার সমর্থনে উপযুক্ত প্রতিষ্ঠান হইতে সনদ দাখিল করিতে হইবে;

(গ) জাহাজ মালিক, শিপিং কোম্পানি, চার্টারার, সরকারী সংস্থা বা স্বায়ত্বশাসিত সংস্থা বা কাস্টমস্ হইতে লাইসেন্সপ্রাপ্ত শিপিং এজেন্ট আবেদনকারীর সহিত ব্যবসা পরিচালনার চুক্তি করিতে সম্মত আছেন মর্মে প্রমাণক দাখিল করিতে হইবে;

(ঘ) শ্রমিক এবং অন্যান্য কর্মচারীদের মজুরি-বেতন, ক্ষতিপূরণ এবং অন্যান্য আর্থিক দায় মেটানোর জন্য আর্থিক সমক্ষতা থাকিবার সমর্থনে প্রমাণক দাখিল করিতে হইবে; এবং

(ঙ) জাতীয়তার প্রমাণ, আয়কর পরিশোধ সনদ, ভ্যাট নিবন্ধন সনদ, ট্রেড লাইসেন্স, শ্রমিকের জন্য বীমা কভারেজ সনদ এবং সংশ্লিষ্ট অভিজ্ঞতার সনদ ও প্রমাণক দাখিল করিতে হইবে।

(২) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে এবং নাগরিকত্বের স্বপক্ষে এনআইডি বা পাসপোর্ট এর অনুলিপি দাখিল করিতে হইবে।

(৩) চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের লক্ষ্যে কর্তৃপক্ষের একজন সদস্য-কে আহবায়ক করিয়া ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করিবে। উক্ত কমিটিতে পাবলিক বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কারিগরী বিষয়ে অভিজ্ঞ একজন প্রতিনিধি ও নৌপরিবহন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি রাখিতে হইবে।

(৪) দফা (৩) এ বর্ণিত কমিটি প্রাপ্ত আবেদন যাচাই-বাছাইপূর্বক সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করিবে এবং সংক্ষিপ্ত তালিকাভূক্ত আবেদনকারী প্রতিষ্ঠানসমূহের মালিকের সাক্ষাৎকার গ্রহণ করিবে।

(৫) উক্ত কমিটি দফা (৪) এর কার্যক্রম গ্রহণের পর চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বরাবরে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করিবে। কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন চট্টগ্রাম বন্দর কর্তৃক্ষের বোর্ড সভায় উপস্থাপন করিতে হইবে।

৫। **শীপ হ্যান্ডলিং অপারেটর ও বার্থ অপারেটর লাইসেন্স নবায়ন পদ্ধতি।-** (১) এই নীতিমালার অনুচ্ছেদ ৪ এর অধীন লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ লাইসেন্স নবায়নের জন্য প্রতিবছর ৩১ জানুয়ারির মধ্যে প্রয়োজনীয় দলিলাদিসহ

সুনির্দিষ্ট ফরমে পরিচালক (ট্রাফিক), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বরাবরে আবেদন করিবে। আবেদনপত্রের সহিত নিম্নোক্ত দলিদাদি সংযুক্ত করিতে হইবে, যথা:-

(ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর কপি;
(খ) পূর্ববর্তী লাইসেন্সিং কার্যকালে সম্পাদিত কাজের বিবরণ;
(গ) টিআইএন সার্টিফিকেট এর কপি;
(ঘ) হালনাগাদ আয়কর রিটার্ন এর কপি;
(ঙ) হালনাগাদ ভ্যাট রেজিস্ট্রেশন এর কপি;
(চ) নিরাপত্তা জামানতের প্রমাণক;
(ছ) বন্দরের লাইসেন্স নবায়ন ফি পরিশোধের মূল কপি;
জ) চট্টগ্রাম বন্দরের কোন পাওনা বকেয়া নেই মর্মে এবং বন্দরের কোন স্থাপনা ড্যামেজ, ফিলফারেজ ইত্যাদি বিষয়ে ইতোপূর্বে দায়ী হয়নি বা কার্গো হ্যান্ডলিং সংক্রান্ত কোন দূর্ঘটনা তদন্তাধীন নেই মর্মে উল্লেখপূর্বক ৩০০ (তিনশত) টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ঘোষণাপত্র; এবং
(ঝ) লাইসেন্স নবায়নের জন্য ৫০,০০০ মেট্রিক টন কার্গো বা ৫০,০০০ TEUs Container Handling এর অভিজ্ঞতার প্রমাণক।

(২) লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের লাইসেন্স প্রতি ৫ (পাঁচ) বছর পর পর নবায়ন করিতে হইবে।

৬। **শীপ হ্যান্ডলিং অপারেটর ও বার্থ অপারেটর লাইসেন্স বাতিলের পদ্ধতি।-** (১) এই নীতিমালার অনুচ্ছেদ ৪ এর অধীন লাইসেন্সপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান নিম্নোক্ত বিধি-বিধানসমূহ অমান্য করিলে অথবা উক্ত প্রতিষ্ঠান কিংবা প্রতিষ্ঠানের মালিক/কর্মচারী নিয়ম বহির্ভূত গুরুতর কোন কার্যের জন্য দায়ী সাব্যস্ত হইলে বা নিম্নবর্ণিত বিষয়াদি পরিলক্ষিত হইলে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ আইন, ২০২২ এবং Regulations for Working of Chittagong Port (Cargo and Container), 2001 (৬ মে ২০১৮ তারিখ পর্যন্ত সংশোধিত ও বাংলাদেশ গেজেটে প্রকাশিত) এর Regulation 68 এর দফা (১০), (১১) ও (১২) অনুযায়ী সংশ্লিষ্ট বিষয় তদন্তপূর্বক চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে উক্ত লাইসেন্স স্থগিত/বাতিল করা যাইবে:

(ক) লাইসেন্সধারী শ্রমিকের মজুরি, চাঁদা বা লেভী প্রদান করিতে ব্যর্থ হইলে; বা
(খ) লাইসেন্সধারী স্বাভাবিক কাজের মান বা জেটিতে বা জাহাজে পণ্য বা কন্টেইনার হ্যান্ডলিং এর জন্য নির্ধারিত রেইট নিয়মিত রাখিতে ব্যর্থ হইলে; বা
(গ) লাইসেন্সধারী অনুমোদিত সংখ্যার চেয়ে কম ডক শ্রমিক একটি গ্যাং এ নিয়োগ করিলে এবং তাহা হ্যান্ডলিং কার্যক্রমে ব্যাঘাত ঘটাইলে; বা
(ঘ) লাইসেন্সধারী বা তার কোন কর্মচারী চুরি, তছরূপ, চোরাচালান বা পণ্য বা কন্টেইনারের ভুল হিসাবরক্ষণ বা বিলিংয়ের সঙ্গে জড়িত বলিয়া প্রমাণিত হইলে; বা
(ঙ) লাইসেন্সধারী কোন অননুমোদিত শ্রমিক বা কর্মচারী অথবা যথাযথ পরিচয়পত্র ছাড়া কাউকে নিয়োগ করিলে; বা
(চ) লাইসেন্সধারী বা তার কোনো কর্মচারী কর্তৃপক্ষের কোন কর্মকর্তা বা সংশ্লিষ্ট কোন সংস্থার কর্মকর্তার সঙ্গে বেআইনি কোনো আচরণ প্রমাণিত হইলে; বা
(ছ) লাইসেন্সধারী বা তার কোনো কর্মচারী চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের আইন, অধ্যাদেশ বা বিধি ইত্যাদির বিধান লঙ্ঘন করিলে বা কোনো অনিয়ম বা অপরাধ করিলে; বা
(জ) প্রশাসনিক বা অপারেশন সম্পর্কিত বা সময়ে সময়ে জারিকৃত Standard Operating Procedure (SOP) অমান্য করিলে।

(২) দফা (১) এর বিষয়াদি ছাড়াও লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক মিথ্যা/অমূলক তথ্যের মাধ্যমে বন্দর কর্তৃপক্ষের জন্য বিব্রতকর, কর্মপরিবেশ বিনষ্টকারী পরিস্থিতি সৃষ্টি করিলে তাহা তদন্তপূর্বক প্রমাণ সাপেক্ষে কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে লাইসেন্স স্থগিত/বাতিল হইবে।

(৩) শীপ হ্যান্ডলিং অপারেটর ও বার্থ অপারেটরের লাইসেন্স প্রদান, নবায়ন ও বাতিলের বিষয়ে দেশে প্রচলিত বিধি-বিধানের আলোকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

(৪) কোনো শীপ হ্যান্ডলিং অপারেটর ও বার্থ অপারেটর চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের জন্য ক্ষতিকর কোনো কর্মকাণ্ডে অথবা বাংলাদেশের স্বার্থ বা রাষ্ট্র বিরোধী কোনো কর্মকান্ডের সহিত জড়িত থাকিলে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ যে কোনো সময় লাইসেন্স স্থগিত বা বাতিল করিতে পারিবে।

৭। **লাইসেন্স প্রদান ও নবায়নের ক্ষেত্রে ফি।–** উপযুক্ত বা যোগ্য আবেদনকারী বা আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর অনুকূলে নিম্নরূপ ফি, জামানত, ইত্যাদি দাখিল করিতে হইবে, যথা:-

(ক) লাইসেন্স আবেদন ফি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা (অফেরতযোগ্য);

(খ) লাইসেন্স ইস্যু ফি ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা (অফেরতযোগ্য);

(গ) লাইসেন্স নবায়ন ফি ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা (অফেরতযোগ্য); এবং

(ঘ) জামানত বাবদ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা (লাইসেন্স সমর্পণের ক্ষেত্রে ফেরতযোগ্য)।

৮। **লাইসেন্স আবেদন ফরম, ইত্যাদি।-** আবেদনকারী বা আবেদনকারী প্রতিষ্ঠানের জন্য নতুন লাইসেন্সের আবেদন ফরম এবং নবায়নের ফরম চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েবসাইট হইতে ডাউনলোড করিবার ব্যবস্থা থাকিবে।

৯। **নীতিমালা সংশোধন।-** নৌপরিবহন মন্ত্রণালয়, সময় সময়, এই নীতিমালার পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজন করিতে পারিবে।

স্বাক্ষরিত/-
১৭-০৯-২০২৫
মোহাম্মদ ইউসুফ
সিনিয়র সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

নম্বর: ১৮.০০.০০০০.০২১.২২.০১২.২৫-২৭০

তারিখ: ১৭ অক্টোবর ২০২৫

সদয় অবগতি ও কাযার্থে প্রেরণ করা হলো:

০১. চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
০২. সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩. চেয়ারম্যান, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন (বিসিএসএ), প্লট-৭৬/এ (৫ম তলা), রোড-১১, ব্লক-এম, বনানী, ঢাকা।
০৪. চেয়ারম্যান, শিপার্স কাউন্সিল অব বাংলাদেশ, র‍্যাংগস ফরচুন স্কয়ার, লেভেল এ-৫, রোড-০২, ধানমন্ডি, ঢাকা
০৫ সভাপতি, বার্থ অপারেটরস, শীপ হ্যান্ডলিং অপারেটরস এন্ড টার্মিনাল অপারেটরস ওনার্স এসোসিয়েশন, ছাবের প্লাজা, বারেক বিল্ডিং, আগ্রাবাদ, চট্টগ্রাম।
০৬. সভাপতি, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন (বিকডা), আখতারুজ্জামান সেন্টার (৭ম তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম।
০৭. সভাপতি, বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন, ১০৮০ চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ বিল্ডিং, শেখ মুজিব রোড, চট্টগ্রাম।
০৮. চেয়ারম্যান, বাংলাদেশ শিপ হ্যান্ডলিং এন্ড বার্থ অপারেটরস এসোসিয়েশন, হোসেন চেম্বার (২য় তলা), ১০৫ আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

অনুলিপি: (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়);

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন/বন্দর/সংস্থা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব (চবক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭/০৯/২০২৫
কাজী মোহাম্মদ চাহেল তস্তরী
উপসচিব
ফোন: ৯৫১৫১৮৫